পদার্থবিজ্ঞান ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রোগ্রামে ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

খুলনা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান ডিসিপ্লিনে মাস্টার্স প্রোগ্রামে ভর্তির নিমিত্তে আবেদন আহবান করা হচ্ছে। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী নিচে দেওয়া হলো:

০১। প্রার্থীর নূন্যতম যোগ্যতা:

ক) খুলনা বিশ্ববিদ্যালয় অথবা যে কোন দেশী/বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে পদার্থবিজ্ঞানে ৩/৪ বছরের স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রী এবং নূন্যতম সিজিপিএ ২.৫০/ ২য় শ্রেণি থাকতে হবে (UGC কর্তৃক সমমানের ডিগ্রী হিসাবে স্বীকৃত)।

খ) প্রার্থীকে কমপক্ষে ৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ১৬ বছর শিক্ষাকাল অথবা ৩ বছরের স্নাতক ডিগ্রীসহ ১৫ বছর শিক্ষাকাল ও ২ বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।

গ) স্নাতক (সম্মান) পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীরা অবতীর্ণ সনদ দিয়ে আবেদন করতে পারবে। তবে ক্লাস শুরুর ০২ (দুই) মাসের মধ্যে প্রয়োজনীয় সনদপত্র জমা দিতে হবে, অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

০২। **প্রোগ্রামের ধরন ও মেয়াদ :**

ক) Master's by Course Work	**1 Year**
খ) Master's by Mixed Mode (Dissertation)	**1.5 Years**

০৩। আবেদনপত্র পদার্থবিজ্ঞান ডিসিপ্লিন অফিস থেকে সংগ্রহ করে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে:

ক) সকল পরীক্ষার গ্রেডশীট ও সনদপত্রের ফটোকপি।

খ) আবেদনপত্রের নির্ধারিত স্থানে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি।

গ) আবেদন ফি বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) **প্রধান, পদার্থবিজ্ঞান ডিসিপ্লিন- (চলতি হিসাব নং-০২০০০০৩৩০২৮৯৩, অগ্রণী ব্যাংক পিএলসি, খুলনা বিশ্ববিদ্যালয় শাখা)**, এর অনুকুলে টাকা জমা দেওয়ার রশিদ।

ঘ) প্রযোজ্য ক্ষেত্রে চাকুরীর অভিজ্ঞতা সনদ।

ঙ) চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অধ্যয়নকালের জন্য পূর্ণ ছুটির নিশ্চয়তা সনদ (ভর্তির সময় দাখিল করতে হবে)।

০৪। ভর্তি পরীক্ষার ফলাফল এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী নিজ দায়িত্বে ডিসিপ্লিনের নোটিশ বোর্ড/ প্রদত্ত লিংক (https://ku.ac.bd/discipline/phy) থেকে জেনে নিতে হবে ।

০৫। যোগ্য প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৬। **গুরুত্বপূর্ণ তারিখ সমূহ ঃ**

ক) ভর্তি ফরম সংগ্রহ ও জমা	: ২১-১০-২০২৫ খ্রি. থেকে ১৫-১২-২০২৫ খ্রি.
খ) যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ	: ২৩-১২-২০২৫ খ্রি.
গ) লিখিত/মৌখিক পরীক্ষা	: ২৪-১২-২০২৫ খ্রি. সকাল ১১:০০ টা
ঘ) উত্তীর্ণ প্রার্থীদের চুড়ান্ত তালিকা প্রকাশ	: ২৮-১২-২০২৫ খ্রি.
ঙ) মেধা তালিকা থেকে ভর্তি	: ২৯-১২-২০২৫ খ্রি. থেকে ৩০-১২-২০২৫ খ্রি.
চ) অপেক্ষমান তালিকা থেকে ভর্তি (যদি থাকে)	: ৩১-১২-২০২৫ খ্রি.

০৭। কোর্স রেজিস্ট্রেশন এবং ক্লাস শুরুর তারিখ পরবর্তীতে জানানো হবে।

০৮। ভর্তি সংক্রান্ত যেকোন তথ্যের জন্য অফিস চলাকালীন সময়ে মোবাইলে (+৮৮-০১৬২১-০৩১৫৮০) যোগাযোগ করা যেতে পারে।

০৯। ভর্তি বিষয়ক যে কোন নিয়ম-কানুন পরিবর্তন, পরিবর্ধণ, সংযোজন ও বিয়োজনের ক্ষমতা পদার্থবিজ্ঞান ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১০। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় এবং ডিসিপ্লিনের নির্ধারিত চার্জ/ফি প্রদান করতে হবে।

(প্রফেসর ড. মোঃ রাশেদুর রহমান)
সভাপতি, সংশ্লিষ্ট কমিটি
ও
প্রধান, পদার্থবিজ্ঞান ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়।

(প্রফেসর ড. মোঃ তরিকুল ইসলাম)
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি
ও
অধ্যাপক, পদার্থবিজ্ঞান ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়।